

# নিউজ লেটার

জানুয়ারী - ডিসেম্বর ২০১২



## কমিউনিটি ওয়ার্ক ইন এসডিসি সাইক্লোন শেল্টারস্ প্রকল্প

### কমিউনিটি আশ্রয়কেন্দ্রের বৈশিষ্ট্য

- জনগণই কেন্দ্রের মালিক
- দুর্যোগকালে নিরাপদ আশ্রয়
- স্বাভাবিক সময়েও বহুমুখী কাজে লাগে
- মানব জীবন ছাড়াও, প্রাণি সম্পদ, খাদ্য ও মূল্যবান সামগ্রী সুরক্ষার ব্যবস্থা আছে

#### স্বাভাবিক সময়ের ব্যবহার

- সামাজিক অনুষ্ঠান
- জীবন-জীবিকার দক্ষতা উন্নয়নে বিভিন্ন ধরণের প্রশিক্ষণ
- হাট-বাজার স্থাপন
- বিশুদ্ধ পানির উৎস
- স্বাস্থ্য সেবা
- সভা-সমাবেশ
- সাংস্কৃতিক অনুষ্ঠান

#### দুর্যোগকালীন ব্যবহার

- নিরাপদ আশ্রয়
- সার্বক্ষণিক স্বাস্থ্য সেবা
- সহজেই আবহাওয়ার তথ্যপ্রাপ্তি
- নারী-বৃদ্ধ, গর্ভবতী মা ও প্রতিবন্ধীদের জন্য বিশেষ সুরক্ষা
- গবাদী পশুর নিরাপত্তা
- কৃষি সরঞ্জাম সুরক্ষা
- ফসল ও বীজ নিরাপদ থাকা
- মূল্যবান দলিলপত্র ও সম্পদ সুরক্ষা

#### আয়মূলক ব্যবহার

- হাট-বাজার স্থাপন
- কুটির শিল্প পরিচালনা
- হস্তশিল্প পরিচালনা
- স্বাস্থ্য সেবা প্রদান
- সাংস্কৃতিক অনুষ্ঠান
- গ্রামীণ মেলা আয়োজন


### সমন্বয় সভা (কো-অর্ডিনেশন মিটিং)




সুইস এজেন্সি ফর ডেভেলপমেন্ট এন্ড কো-অপারেশন এসডিসি এর অর্থায়নে আশ্রয় ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন কমিউনিটি ওয়ার্ক ইন এসডিসি সাইক্লোন শেল্টার প্রকল্পের আওতায় বাগেরহাট জেলার শরণখোলা ও মোড়েলগঞ্জ উপজেলায় এসডিসি নির্মিত ১২টি সাইক্লোন শেল্টার এবিসি'র মাধ্যমে সুষ্ঠভাবে পরিচালনার জন্য স্থানীয় কর্তৃপক্ষের সাথে সমন্বয়ন সভার আয়োজন করা হয়। শরণখোলা উপজেলা অফিসার্স ক্লাব ও মোড়েলগঞ্জ উপজেলা অফিসার্স ক্লাবে সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। এসকল সভায় উপজেলা প্রশাসন ও স্থানীয় সরকার, জনপ্রতিনিধিসহ বিভিন্ন শ্রেণী পেশার স্টেকহোল্ডার উপস্থিত ছিলেন।

### আশ্রয়কেন্দ্র বিজিনেস গ্রুপ গঠন

সুইস এজেন্সি ফর ডেভেলপমেন্ট এন্ড কো-অপারেশন এসডিসি এর অর্থায়নে আশ্রয় ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন কমিউনিটি ওয়ার্ক ইন এসডিসি সাইক্লোন শেল্টার প্রকল্পের আওতায় বাগেরহাট জেলার শরণখোলা ও মোড়েলগঞ্জ উপজেলায় এসডিসি নির্মিত ১২টি সাইক্লোন শেল্টারে বিজিনেস গ্রুপ গঠণ করা হয়। বহুমুখী ঘূর্ণীঝড় আশ্রয় কেন্দ্রর মাধ্যমে ব্যবসায়িক কার্যক্রম পরিচালনার লক্ষ্যে এসকল গ্রুপ গঠণ করা হয়। পূর্ব রাজৈর জিলা ক্লাব, কুলসুমগণি সাইক্লোন শেল্টার, খাউলিয়া-২ সিরাজ উদ্দিন মোসলেম মোবারক সাইক্লোন শেল্টার,



জিলবুনিয়ায় দেলোয়ার হাওলাদারের বাড়ি, হোগলপাতি-১ এ আব্দুল লতিফ সাইক্লোন শেল্টার ও ধানসাগর রিক স্কুল, শেখ আব্দুল গফফার সাইক্লোন শেল্টার ও আদর্শ গ্রাম সাইক্লোন শেল্টার, উত্তর সোনাতলা রেজিঃ প্রাইমারী স্কুল ও ভাড়ানির পাড় ব্র্যাক স্কুল, মোঃ আসির আলী হাওলাদারের বাড়ি এবং পূর্ব খোন্তাকাটা সাইক্লোন শেল্টারে পৃথক পৃথক সভা আয়োজনের মাধ্যমে ১২টি বিজিনেস গ্রুপ গঠণ করা হয়। এসকল সভায় সর্বোমোট ৭২০ জন উপস্থিত ছিলেন।

সভায় স্বাভাবিক সময়ে প্রতিটি আশ্রয় কেন্দ্রের বহুমূখী ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে আলোচনা ও সম্ভাব্য ব্যবসার বিষয় সমূহ নিয়ে বিস্তারিত আলোচনা হয়।


Ashroy Foundation

**প্রধান সম্পাদক ঃ** মমতাজ খাতুন

**সম্পাদক ঃ** আনোয়ার আহমেদ

**সম্পাদনা সহযোগী ঃ** মোঃ শাহিনুর ইসলাম
মনিকা মিত্র ও মীর হাবিবুর রহমান

**অক্ষর বিন্যাস ও অঙ্গসজ্জা ঃ** মোঃ লুৎফর রহমান

**প্রকাশনায় ঃ**
সুইস এজেন্সি ফর ডেভেলপমেন্ট এন্ড কোঅপারেশন এসডিসি'র অর্থায়নে আশ্রয় ফাউন্ডেশন পরিচালিত "কমিউনিটি ওয়ার্ক ইন এসডিসি সাইক্লোন শেল্টারস" প্রকল্পের একটি প্রকাশনা।

Schweizerische Eidgenossenschaft
Confédération suisse
Confederazione Svizzera
Confederaziun svizra

**Swiss Agency for Development and Cooperation SDC**




## ব্যবসায় পরিকল্পনা কর্মশালা

ব্যবসা পরিকল্পনা প্রণয়ের লক্ষ্যে পৃথক পৃথক কর্মশালার আয়োজন করা হয। হোগলপাতি-২ সাইক্লোন শেল্টার, আব্দুল লতিফ হাওলাদার সাইক্লোন শেল্টার, কুলসুমগণি সাইক্লোন শেল্টার, খাউলিয়া-২ সিরাজ উদ্দিন মোসলেম মোবারক সাইক্লোন শেল্টার, কদমতলা সাইক্লোন শেল্টার, পূর্ব রাজৈর জিলা ক্লাব, আদর্শ গ্রাম সাইক্লেন শেল্টার, ধানসাগর রিক স্কুল, মোঃ আমির আলী হাওলাদারের বাড়ি, উত্তর সোনাতলা রেজিঃ প্রাইমারী স্কুল, ভাড়ানির পাড় সাইক্লেন শেল্টার এবং পূর্ব খোন্তাকাটা সাইক্লেন শেল্টারে পৃথক পথক কর্মশালার আয়োজন করা হয়। এসব কর্মশালায় মোট ৩৬১ জন অংশগ্রহণ করেন।

## গঠণতন্ত্র প্রণয়ন

সুইস এজেন্সি ফর ডেভেলপমেন্ট এন্ড কো-অপারেশন এসডিসি এর অর্থায়নে আশ্রয় ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন কমিউনিটি ওয়ার্ক ইন এসডিসি সাইক্লোন শেল্টার প্রকল্পের আওতায় বাগেরহাট জেলার শরণখোলা ও মোড়েলগঞ্জ উপজেলায় এসডিসি নির্মিত ১২টি সাইক্লোন শেল্টার আশ্রয় ব্যবস্থাপনা কমিটি (এবিসি) যাতে সুষ্ঠুভাবে পরিচালনা করতে পারে সে লক্ষ্যে প্রতিটির জন্য গঠণতন্ত্র প্রণয়নের লক্ষ্যে ধানসাগর রিক স্কুল, আদর্শগ্রাম কাজল ফকিরের বাড়ি, পূর্ব রাজৈর জিলা ক্লাব, জিলবুনিয়া দেলোয়ার হাওলাদারের বাড়ি, উত্তর সোনাতলা রেজিঃ প্রইমারি স্কুল ও ভাড়ানিরপাড় রেজিঃ প্রাইমারী স্কুল, মিরাজুল ইসলামের বাড়ি ও পূর্ব খোন্তাকাটা সাইক্লোন শেল্টারে গঠণতন্ত্র প্রণয়ন প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। এ সকল সভায় মোট ৪০০ জন অংশগ্রহণকারী উপস্থিত থেকে তাদের মূল্যবান মতামত প্রদান করেন এবং এবিসি কর্তৃক গঠণতন্ত্রের খসড়া প্রণয়নের জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়।




উল্লেখিত সিদ্ধান্ত অনুযায়ী জিলবুনিয়া সাইক্লোন শেল্টার, আদর্শগ্রাম সাইক্লোন শেল্টার, পূর্ব খোন্তাকাটা সাইক্লোন শেল্টার ও ভাড়ানিরপাড় সাইক্লোন শেল্টার, পূর্ব রাজৈর সাইক্লোন শেল্টার, ধানসাগর সাইক্লোন শেল্টার, সোনাতলা-১ সাইক্লোন শেল্টার এবং সোনাতলা-২ সাইক্লোন শেল্টারে খসড়া গঠণতন্ত্র নিয়ে এবিসি, ভিডিসি, ইউডিএমসি ও স্থানীয় জণগোষ্ঠির (কমিউনিটি) সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। ৪টি সভায় মোট উপস্থিতির সংখ্যা ছিল ২৪০ জন।

অতঃপর শরণখোলা উপজেলা অফিসার্স ক্লাবে উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সাথে গঠণতন্ত্র চুড়ান্তকরণে সভা অনুষ্ঠিত হয়।



## ত্রৈমাসিক ও ষান্মাসিক সভা

কমিউনিটি ওয়ার্ক ইন এসডিসি সাইক্লোন শেল্টার প্রকল্পের আওতায় বাগেরহাট জেলার শরণখোলা ও মোড়েলগঞ্জ উপজেলায় এসডিসি নির্মিত সাইক্লোন শেল্টার সুষ্ঠুভাবে পরিচালনা, রক্ষনাবেক্ষণ ও বহুমুখী ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে এবিসি কমিটির সাথে ত্রৈমাসিক সভার আয়োজন করা হয়। খাউলিয়া-২ সিরাজ উদ্দিন মোসলেম মোবারক সাইক্লোন শেল্টার ও খাউলিয়া-১ কুলসুমগণি সাইক্লোন শেল্টার, ভাড়ানিরপাড় ব্র্যাক স্কুল ও আদর্শগ্রাম সাইক্লোন শেল্টার, হোগলপাতি-২ আব্দুল গফফার সাইক্লোন শেল্টার ও হোগলপাতি-১ আব্দুল লতিফ সাইক্লোন শেল্টার, জিলবুনিয়া সাইক্লোন শেল্টার ও পূর্ব রাজৈর সাইক্লোন শেল্টার, ধানসাগর সাইক্লোন শেল্টার ও সোনাতলা-১ সাইক্লোন শেল্টার, সোনাতলা-২ সাইক্লোন শেল্টার, যথাক্রমে পূর্বখোন্তাকাটা, আদর্শগ্রাম, ভাড়ানিরপাড় ও জিলবুনিয়া সাইক্লোন শেল্টার এবং পূর্ব রাজৈর ও ধানসাগর সাইক্লোন শেল্টারে ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়।

রায়েন্দা ও খোন্তাকাটা ইউনিয়ন পরিষদে, ধানসাগর ও সাউথখালী ইউনিয়ন পরিষদে, খাউলিয়া ইউনিয়ন পরিষদ, মোড়েলগঞ্জ উপজেলা অফিসার্স ক্লাব, নিশানবাড়িয়া ইউনিয়ন পরিষদ এবং শরণখোলা উপজেলা অফিসার্স ক্লাবে এবিসি কর্তৃক ইউনিয়ন ও উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সাথে পৃথক পৃথক মোট ৮টি ষান্মাসিক সভা অনুষ্ঠিত হয়। এসকল সভায় মোট ২৪৪জন উপস্থিত ছিলেন।

## প্রশিক্ষণ চাহিদা নিরূপন (আইজিএ)



স্থানীয় জনগোষ্ঠির আর্থিক সক্ষমতা ও দক্ষতা উন্নয়নের লক্ষ্যে আয়মূলক কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে প্রশিক্ষণ চাহিদা নিরূপন করা হয়। এরমধ্যে আমির হাওলাদের বাড়ি ও নর্থ সোনাতলায় রেজিঃ প্রাইমারি স্কুলে, সিরাজ উদ্দিন মোসলেম মোবারক সাইক্লোন শেল্টার ও কুলসুম গণি সাইক্লোন শেল্টার, জিলবুনিয়া সাইক্লোন শেল্টার ও আদর্শগ্রাম সাইক্লোন শেল্টার, ধানসাগর রিক স্কুল এবং ভাড়ানিরপাড় সাইক্লোন শেল্টার এবং আব্দুল গফফার সাইক্লোন শেল্টার ও আব্দুল লতিফ হাওলাদার সাইক্লোন শেল্টার, পূর্ব রাজৈর সাইক্লোন শেল্টার, যথাক্রমে কুলসুমগণি সাইক্লোন শেল্টার, সিরাজউদ্দিন মোসলেম মোবারক সাইক্লোন শেল্টার, ভাড়ানিরপাড় সাইক্লোন শেল্টার, সোনাতলা-২ সাইক্লোন শেল্টার ও সোনাতলা-১ সাইক্লোন শেল্টার, যথাক্রমে আঃ লতিফ হাওলাদার সাইক্লোন শেল্টার ও শেখ আঃ গফফার সাইক্লোন শেল্টার, আদর্শ গ্রাম সাইক্লোন শেল্টার, ধানসাগর সাইক্লোন শেল্টার ও পূর্ব খোন্তাকাটা সাইক্লোন শেল্টার এবং জিলবুনিয়া সাইক্লোন শেল্টারএ পৃথক পৃথক প্রশিক্ষণ চাহিদা নিরুপন কর্মসচীর আয়োজন করা হয়। এ সকল কর্মসূচীতে ৬৬১ জন অংশগ্রহণ করেন।




## দিবস উদযাপন

সুইস এজেন্সি ফর ডেভেলপমেন্ট এন্ড কো-অপারেশন এসডিসি এর অর্থায়নে আশ্রয় ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন কমিউনিটি ওয়ার্ক ইন এসডিসি সাইক্লোন শেল্টার প্রকল্পের আওতায় বাগেরহাট জেলার শরণখোলা ও মোড়েলগঞ্জ উপজেলায় এ পর্যন্ত যেসকল দিবস উদযাপন করা হয়েছে সেগুলির মধ্যে অন্যতম হল- মোড়েলগঞ্জ ও শরণখোলা উপজেলা মিলনায়নে জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস, বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষ্যে র‍্যালী, আলোচনা সভা ও কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

## ডিআরআর তথ্য মেলা

সুইস এজেন্সি ফর ডেভেলপমেন্ট এন্ড কো-অপারেশন এসডিসি এর অর্থায়নে আশ্রয় ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন কমিউনিটি ওয়ার্ক ইন এসডিসি সাইক্লোন শেল্টার প্রকল্পের আওতায় বাগেরহাট জেলার মোড়েলগঞ্জ উপজেলার হোগলপাতি-১ আব্দুল লতিফ সাইক্লোন শেল্টার-এ ডিআরআর তথ্য মেলা আয়োজন করা হয়। মোড়েলগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ জোহর আলী মেলা উদ্বোধন করেন। মেলায় আলোচনা সভা, ভিডিও প্রদর্শণী, কুইজ প্রতিযোগিতা, মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানসহ বিভিন্ন স্টল দুর্যোগ বিষয়ক তথ্য উপস্থাপন করে। মেলায় দুর্যোগ ঝুকিহ্রাস বিষয়ে কর্মরত বিভিন্ন এনজিও অংশগ্রহণ করে।

সরকারী কর্মকর্তা, ইউডিএমসি, ইউজেডডিএমসি, এনজিও প্রতিনিধি, শিক্ষার্থী, স্থানীয় জনগোষ্ঠি, সুশিল সমাজের প্রতিনিধিরা মেলা উপভোগ করেন। উল্লেখযোগ্য সংখ্যক নারীও দিনব্যাপী এ মেলায় উপস্থিত ছিলেন।






## পলিসি ও এ্যাডভোকেসী বিষয়ে আন্তর্জাতিক ও স্থানীয় এনজিও এবং সিবিও র অংশগ্রহণে সভা

শরণখোলায় আশ্রয় ফাউন্ডেশন সভা কক্ষে এবিসি কমিটি ও আন্তর্জাতিক, জাতীয় ও স্থানীয় এনজিও এর সাথে সমন্বয় সাধন ও আশ্রয় কেন্দ্রের বহুমূখী ব্যাবহারে নতুন উদ্যোগ গ্রহণ বিষয়ে পলিসি ও এ্যাডভোকেসী সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জনাব মমতাজ খাতুন, নির্বাহী পরিচালক, আশ্রয় ফাউন্ডেশন, খুলনা।




সভায় বহুমূখী আশ্রয়কেন্দ্রে বিদ্যমান সুবিধাসমূহ যেমন- জেনারেটর, সৌর বিদ্যুত, হোয়াইট বোর্ড, চেয়ার, টেবিল ইত্যাদি যা কিনা বিভিন্ন এনজিও কর্তৃক সভা, প্রশিক্ষণ, কর্মশালা, ইত্যাদিসহ আশ্রয় কেন্দ্রের বহুমুখী ব্যবহারে উপস্থিত এনজিও সমূহ অঙ্গীকার ব্যক্ত করেন। সভায় ডিআরআর তথ্য মেলা আয়োজনে বিস্তারিত আলোচনা হয়।




মীর সরোয়ার হোসেন এনজিও সমন্বয় কমিটি এর সভাপতি বলেন- ডিআরআর মেলা সফল করার জন্য সকলের সহযোগিতা দরকার, কেননা নিজেদের কাজ তুলে ধরার জন্য এটি একদিকে যেমন একটা সুযোগ তেমনি আশ্রয়কেন্দ্রের বহুমুখী ব্যবহারের প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করা যাবে।

পরিশেষে উক্ত সভার সভার সভাপতি জনাব মমতাজ খাতুন, নিবর্হী পরিচালক, আশ্রয় ফাউন্ডেশন বলেন আমাদের উদ্দেশ্য এক। আমরা বিভিন্ন ভাবে কাজ করি একটি প্লাটফরমে। তিনি প্রত্যেক এনজিও কর্মকর্তাদের ধন্যবাদ আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

## বিসিসি উপকরণ তৈরী ও আশ্রয় কেন্দ্র ভিত্তিক ব্যবসায় পরিকল্পনা বিষয়ক কর্মশালা

সুইস এজেন্সি ফর ডেভেলপমেন্ট এন্ড কো-অপারেশন এসডিসি এর অর্থায়নে আশ্রয় ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন কমিউনিটি ওয়ার্ক ইন এসডিসি সাইক্লোন শেল্টার প্রকল্পের আওতায় বিসিসি উপকরণ তৈরী ও কেন্দ্র ভিত্তিক ব্যবসা পরিকল্পনা বিষয়ে আশ্রয় ফাউন্ডেশনের প্রধান কার্যালয় সংস্থার নিজস্ব মিলনায়তনে দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালার শুরুতেই প্রকল্পের লক্ষ্য উদ্দেশ্য এবং প্রণিত উপকরণসমূহের উপর ধারণা প্রদান করেন জনাব মমতাজ খাতুন, নির্বাহী পরিচালক, আশ্রয় ফাউন্ডেশন।



কর্মশালায় কেন্দ্র ভিত্তিক ব্যবসা পরিকল্পনার খসড়া এবং পোষ্টার, ফ্লিপচার্ট, ডিএমসি-ইউজেডডিএমসি-ইউডিএমসি এর দায়িত্ব ও কর্তব্য সম্পর্কিত পৃথক পৃথক পুস্তক সম্পর্কে উপস্থাপন ও প্রয়োজনীয় পরামর্শ এবং সংশোধনী নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

কর্মশালায় অংশগ্রহণ করেন সিএসএস, নবলোক, ওয়ার্ল্ড ভিশন, সুশিলন, আশ্রয় ফাউন্ডেশন ও খুলনা বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিগণ।

প্রকাশনায়
আশ্রয় ফাউন্ডেশন
১৬ আহসান আহমেদ রোড, খুলনা-৯১০০, বাংলাদেশ।
টেলিফোন ও ফ্যাক্স: +৮৮ ০৪১ ৮১২১১৩, ৭২৪১১৯
E-mail: ashroy.foundation@gmail.com, Web: www.ashroyfoundation.org